# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 13-09-2025** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) দামোদর নদীর পাড় ভেঙে বে-আইনী বালি তোলার ঘটনায় বাঁকুড়ার জেলাশাসক ও মেজিয়া থানার আইসি-কে সশরীরে আদালতে হাজিরা দেওয়ার নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

# অবৈধ বালিখাদান ও পাথরখাদান নিয়ে রাজ্য সরকার কড়া পদক্ষেপ নিতে চলেছে।

২) দক্ষিণেশ্বর মেট্রো স্টেশনে ছাত্র খুনের ঘটনায় পুলিশ মূল অভিযুক্ত (রানা সিং-কে) গ্রেফতার করেছে।

৩) যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ছাত্রী অনামিকা মন্ডলের ময়না তদন্তের প্রাথমিক রিপোর্টে জলে ডুবে মৃত্যু হয়েছে বলে জানানো হয়েছে।

৪) চলতি মাসের প্রথম সপ্তাহ অর্থাৎ ৭ই সেপ্টেম্বর পর্যন্ত শহরে মোট ৫০৯ জন ডেঙ্গু আক্রান্তের খোঁজ মিলেছে।

৫) কলকাতা মেট্রোর ইয়েলো লাইনে নোয়াপাড়া থেকে জয়হিন্দ বিমান বন্দর পর্যন্ত শনি ও রবিবারের মেট্রো পরিষেবা আজ শুরু হচ্ছে।

oooooooooooooooooooo

বাঁকুড়ায় দামোদর নদীর পাড় ভেঙে বে-আইনী বালি তোলার অভিযোগে জেলাশাসককে গোপনে ওই এলাকা পরিদর্শন করে রিপোর্ট দেওয়ার নির্দেশ দিয়েছিল কলকাতা হাইকোর্ট । কিন্তু সেই নির্দেশ পালিত না হওয়ায় বিচারপতি তীর্থঙ্কর ঘোষ

গতকাল বাঁকুড়ার জেলাশাসক ও মেজিয়া থানার ইনস্পেক্টর ইনচার্জকে আগামী ২৯-শে অক্টোবর সশরীরে আদালতে হাজির হওয়ার নির্দেশ দিয়েছেন।

oooooooooooooooooooo

অবৈধ বালিখাদান ও পাথরখাদান নিয়ে কড়া পদক্ষেপ নিতে চলেছে রাজ্য সরকার। মুখ্যসচিব মনোজ পন্থ জানিয়েছেন, বেআইনি ভাবে বালি তোলা কোনও ভাবেই বরদাস্ত করবে না প্রশাসন। গতকাল জেলাশাসকদের সঙ্গে এ সংক্রান্ত এক বৈঠকে তিনি বেআইনি বালিখাদান ও পাথরখাদান বন্ধ করার জন্য জেলা প্রশাসনকে কড়া পদক্ষেপ নেওয়ার নির্দেশ দেন।

উল্লেখ্য, বালিখাদান থেকে বালি তোলার জন্য রাজ্য সরকারের নির্দিষ্ট নিয়ম থাকলেও তা না মেনে খাদানগুলো থেকে বালি–পাথর তুলে নিয়ে বেআইনি ভাবে রাতের অন্ধকারে পাচার করে দেওয়া হচ্ছে। এর বিরুদ্ধে মুখ্যসচিব বলেন, শুধু গ্রেপ্তার নয়, প্রয়োজনে কড়া শাস্তির ব্যবস্থা করা হবে। জেলাশাসকদের পাশাপাশি মাইনিং অ্যান্ড ডেভেলপমেন্ট কর্পোরেশনকেও সতর্ক করে দিয়েছেন মুখ্যসচিব। তিনি বলেন, খাদানগুলির কারণে রাজস্ব যেমন ক্ষতি হচ্ছে, তেমনি প্রাণহানির ঘটনাও ঘটছে। পরিবেশও মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে।

oooooooooooooooooooo

বীরভূমের নলহাটিতে পাথরখাদানে ধ্বস নেমে গতকাল কমপক্ষে ৬ খাদান শ্রমিকের মৃত্যু হয়েছে। গুরুতর আহত আরও ৩ শ্রমিক। তাদের রামপুরহাট মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা চলছে। জানা গেছে, বাহাদুরপুর খাদানে পাথর তোলার জন্য বিস্ফোরণের পর হঠাৎ-ই আলগা হয়ে যাওয়া পাথর নীচের দিকে গড়াতে শুরু করে। সে সময় খাদানের ভেতরে ১২ জন শ্রমিক কাজ করছিলেন । সেখানেই চাপা পড়ে যান তারা। পুলিশ ও খাদান শ্রমিকরা মিলে গুরুতর আহত অবস্থায় তিনজনকে উদ্ধার করলেও বাকি শ্রমিকদের এখনও খোঁজ পাওয়া যায়নি। তল্লাশি চলছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

সাগরে বা নদীতে কোনও তেলবহনকারী ভেসেল দুর্ঘটনার কবলে পড়লে, তার জন্য বিশেষ ব্যবস্থা নিতে চলেছে রাজ্য সরকার। দুর্ঘটনাগ্রস্ত ভেসেল থেকে নির্গত তেল নদী বা সমুদ্রে মেশার ফলে হওয়া জলদূষণ আটকাতে, 'অয়েল স্পিল ডিজাস্টার ম্যানেজমেন্ট প্ল্যান' তৈরি করছে প্রশাসন। নবান্নে, গতকাল এ বিষয়ে বিপর্যয় মোকাবিলা দপ্তরের সঙ্গে একটি বৈঠক হয়। এই পরিকল্পনা বাস্তবায়নের জন্য একটি কমিটিও গঠন করা হয়েছে। মুখ্যসচিব ছাড়াও বিপর্যয় মোকাবিলা, জনস্বাস্থ্য কারিগরি, সেচ, পরিবহণ, স্বরাষ্ট্র, পরিবেশ–সহ সংশ্লিষ্ট সব দপ্তরের সচিবরা কমিটিতে থাকছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার ভাতজাংলায় গতকাল প্রেস ইনফরমেশন ব্যুরোর পক্ষ থেকে বার্তালাপ অনুষ্ঠানের আয়োজন করা হয়। সূচনা করেন পিআইবি-র পূর্বাঞ্চল মহা নির্দেশক টিভিকে রেড্ডি। উপস্থিত ছিলেন বিশিষ্ট সাংবাদিক দেবদূত ঘোষ ঠাকুর, কলকাতা পিআইবি-র অতিরিক্ত মহা নির্দেশক জেন নামচু। কর্মশিবিরের শুরুতেই এক পেড় মাকে নাম বৃক্ষরোপণ করা হয়। অনুষ্ঠানে মূল আলোচনা হয় আর্থিক অন্তর্ভুক্তি এবং ব্যাংকিং- এ সাইবার নিরাপত্তা নিয়ে। ডাইরেক্টর জেনারেল টিভিকে রেড্ডি তার বক্তব্যে পিআইবি-র নানাবিধ কাজের কথা তুলে ধরে বলেন, বর্তমান সময়ে নানা ধরনের খবর যাচাই করাবর জন্য প্রেস ইনফরমেশন ব্যুরোর পিআইবিএর ফ্যাক্ট চেক্ একমাত্র নির্ভরযোগ্য ব্যবস্থা।তিনি বলেন, সরকারি নীতি ও সিদ্ধান্তের সঠিক তথ্য পৌঁছে দেওয়াই পি আই বি-র মূল দায়িত্ব।

(বাইট- টিভিকে রেড্ডি)

০০০০০০০০০০০০০০০০০০০০০

৫৬ তম জিএসটি কাউন্সিলের বৈঠকের পর পণ্য ও পরিষেবা কর কাঠামোয় বড়সড় পরিবর্তনের ঘোষণা করা হয়েছে। অর্থনীতিবিদ সুমন দাস আকাশবাণীকে বলেন এই সরলীকরণের ফলে দেশের সাধারণ মধ্যবিত্ত মানুষ উপকৃত হবেন।

(বাইট )

oooooooooooooooooooo

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে স্নাতকস্তরে ইংরেজী বিভাগের তৃতীয়বর্ষের ছাত্রী অনামিকা মন্ডলের ময়না তদন্তের প্রাথমিক রিপোর্টে জলে ডুবে মৃত্যু হয়েছে বলে জানানো হয়েছে। শরীরে আঘাতের কোন চিহ্ন না থাকলেও তার পাকস্থলিতে অ্যালকোহল পাওয়া গেছে বলে আমাদের প্রতিনিধি শিপ্রা সেন সাহা জানিয়েছেন।

এদিকে, ওই ঘটনায় দ্রুত স্বচ্ছ ও নিরপেক্ষ তদন্তের দাবি জানিয়েছে এসএফআই। এবিভিপি-র পক্ষ থেকে বিশ্ববিদ্যালয় চত্ত্বরে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার দাবিও জানানো হয়।

ooooooooooooooooooo

দক্ষিণেশ্বর মেট্রো স্টেশনে ছাত্র খুনের ঘটনায় পুলিশ মূল অভিযুক্তকে গ্রেফতার করেছে। গতরাতে হাওড়া স্টেশন থেকে তাকে ধরা হয়। আগেই জানানো হয়েছে, দুই দল পড়ুয়ার বচসার জেরে হাতাহাতির সময় ধৃত, তার বন্ধুর পেটে ছুটি মারে। রক্তাক্ত অবস্থায় অন্য দুই বন্ধু প্রথমে সাগর দত্ত এবং পরে বরানগর স্টেট জেনারেল হাসপাতালে নিয়ে গেলে সেখানে মৃত্যু হয় বাগবাজার হাইস্কুলের একাদশ শ্রেণীর পড়ুয়া মনোজিৎ যাদবের। অভিযুক্ত রানাও ওই স্কুলেরই ছাত্র।

এদিকে, এই ঘটনার প্রেক্ষিতে নিরাপত্তা ব্যবস্থার কোন গাফিলতি বা মেট্রো ভ্রমণের ক্ষেত্রে কোন উদ্বেগের কারণ নেই বলে মেট্রো রেল কর্তৃপক্ষ জানিয়েছে। গতকাল এক বিবৃতিতে মেট্রো রেল বলে নন টিকিটিং এলাকায় ওই ঘটনা ঘটেছে। তা

অত্যন্ত দুর্ভাগ্যজনক। কর্তৃপক্ষ তৎক্ষণাৎ উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করে পুলিশী তদন্তে সহযোগিতা করেছে বলেও মেট্রোর পক্ষ থেকে জানানো হয়েছে।

অন্যদিকে, বিজেপি-র রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেছেন, রাজ্যে সমাজ বিরোধী এবং অপরাধ মনস্ক মানুষের সংখ্যা বেড়ে যাওয়া এবং প্রশাসনের রাজনীতিকরণের ফলে অপরাধ প্রবণতা বাড়ছে। গত সন্ধ্যায় বারাসাতে নরেন্দ্র কাপ ফুটবল ট্যুনার্মেন্টে যোগ দিয়ে তিনি একথা বলেন।

(বাইট – শমীক)

oooooooooooooooooooo

আগামী বছরের উচ্চ-মাধ্যমিক পরীক্ষা থেকেই পরীক্ষার্থীদের নাম লেখার জন্য অতিরিক্ত সময় দেওয়া হতে পারে। সেমিস্টার পদ্ধতিতে ওয়েমারসিটে রোল ও রেজিস্ট্রেশান নম্বর লিখতে মিনিট দশেক সময় লাগছে। এরফলে পুরো ১ ঘণ্টা ১৫ মিনিট সময় পরীক্ষার জন্য ব্যয় করা সম্ভব হচ্ছে না। কিছু ভুল হলে তা পাল্টাতেও সময় লেগে যাচ্ছে। এনিয়ে অভিভাবকরা পরীক্ষার প্রথম দিনই অভিযোগ জানিয়েছিলেন। তারই প্রেক্ষিতে উচ্চ-মাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য গতকাল বলেছেন, বিষয়টি বিবেচনা করা হচ্ছে।

ooooooooooooooooooooo

চলতি মাসের প্রথম সপ্তাহ অর্থাৎ ৭ই সেপ্টেম্বর পর্যন্ত শহরে মোট ৫০৯ জন ডেঙ্গু আক্রান্তের খোঁজ মিলেছে বলে কলকাতা পুরসভা সূত্রে জানানো হয়েছে। গতমাসের তুলনায় ডেঙ্গু আক্রান্তের সংখ্যা আরো ৭৪ জন বেড়েছে। গতবছর একই সময়ে এই সংখ্যা ছিল ৩৭০ জন।

তবে, সর্বশেষ পরিসংখ্যান অনুযায়ী ২০২৩ সালের তুলনায় এই বছর এখনো পর্যন্ত ডেঙ্গু আক্রান্তের সংখ্যা অনেকটাই কম রয়েছে। ২০২৩-এ এই সময়ে ডেঙ্গু

আক্রান্তের সংখ্যা ছিল ২৭৯১ জন। বর্ষার পর থেকে ডেঙ্গু মশার প্রকোপ বাড়তে থাকায় এই সময় শহরবাসীকে অতিরিক্ত সতর্কতা অবলম্বন করার বার্তা দিয়েছেন কলকাতার মেয়র ফিরহাদ হাকিম।

০০০০০০০০০০০০০০০০০

কলকাতা মেট্রোর ইয়েলো লাইনে নোয়াপাড়া থেকে জয়হিন্দ বিমান বন্দর পর্যন্ত শনি ও রবিবারের মেট্রো পরিষেবা আজ থেকে শুরু হচ্ছে। সকাল ৭ টা ৩৫ মিনিটে নোয়াপাড়া থেকে প্রথম পরিষেবা শুরু হয়েছে। জয়হিন্দ বিমান বন্দর থেকে এই পরিষেবা শুরু হবে সকাল ৮ টায় । শেষ পরিষেবা সন্ধ্যা ৮ টায় নোয়াপাড়া থেকে এবং জয়হিন্দ বিমান বন্দর থেকে সন্ধ্যা ৮ টা ২০ মিনিটে পাওয়া যাবে। তবে আগামীকাল রবিবার নোয়াপাড়া থেকে সকাল ৮ টা ৩৫ মিনিটে, ও জয়হিন্দ বিমান বন্দর থেকে সকাল ৯ টায় প্রথম পরিষেবা শুরু হবে। নোয়াপাড়া থেকে শেষ ট্রেন পাওয়া যাবে সন্ধ্যা ৭ টা ৫০ মিনিটে এবং জয় হিন্দ বিমান বন্দর থেকে শেষ মেট্রো পরিষেবা পাওয়া যাবে সন্ধ্যা ৮ টা ১০ মিনিটে। ইয়েলো লাইনে শনিবার আপ ও ডাউন সহ মোট ৪৪ টি এবং রবিবার মোট ৪০ টি ট্রেন পরিষেবা মিলবে বলে মেট্রো রেলের তরফে জানানো হয়েছে।

উল্লেখ্য, গত ২২ আগস্ট প্রধান মন্ত্রী নরেন্দ্র মোদি নোয়াপাড়া - জয়হিন্দ বিমান বন্দর লাইনের যাত্রা সূচনা করার পর গত ২৫ আগস্ট সপ্তাহে সোম থেকে শুক্রবার পর্যন্ত এই লাইনে বাণিজ্যিক ভাবে মেট্রো চলাচল শুরু হয়। পরে যাত্রীদের চাহিদার কথা বিবেচনা করে শনি ও রবিবার পরিষেবা দেওয়ার সিদ্ধান্ত হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার পুজোর আগে শহরের সেতু ও রাস্তাঘাট মেরামত করার উপর জোর দিয়েছে। কলকাতা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটি (কেএমডিএ) জানিয়েছে, ইতিমধ্যেই একাধিক গুরুত্বপূর্ণ সেতুর সংস্কার শেষ হয়েছে। ইএম বাইপাসের ঢালাই

ব্রিজ সম্প্রসারণ ও ৪ নম্বর ব্রিজের কাজ শেষ হওয়ার পর এ বার শিয়ালদহ উড়ালপুলের মেরামতির কাজ শুরু হয়েছে ।

টানা বর্ষণে ক্ষতিগ্রস্ত শিয়ালদহ উড়ালপুলের মেরামতি আগামী সোমবারের মধ্যেই শেষ হয়ে যাবে। শুধু শিয়ালদহ নয়, শহরের আরও কয়েকটি উড়ালপুলের সারাইও সম্পন্ন হয়েছে। আলিপুর চিড়িয়াখানার কাছে মা সারদামণি সেতুর দক্ষিণমুখী অ্যাপ্রোচ র‍্যাম্প, জিরাট ব্রিজ, জীবনানন্দ সেতু এবং বাঘাযতীন রেল ওভারব্রিজের সংস্কারকাজ শেষ হয়েছে। একই সঙ্গে উড়ালপুলগুলির রেলিংয়ে নতুন রংয়ের প্রলেপও দেওয়া হচ্ছে।

হাওড়াতেও চলছে রাস্তাঘাট সংস্কার। দুই চাকার যানবাহনের জন্য ঝুঁকিপূর্ণ হয়ে ওঠা বেনারস রোড ও বেলিলিয়াস রোডের মেরামতির কাজ দ্রুত এগোচ্ছে বলে জানানো হয়েছে।

oooooooooooooooooo

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ বিপ্লবী যতীন দাসের ৯৭ তম আত্ম বলিদান দিবস। পালিত হচ্ছে। বীর স্বাধীনতা সংগ্রামী ভগৎ সিং এর ঘনিষ্ট সহযোগী ছিলেন যতীন দাস। যোগ দিয়েছিলেন ইংরেজ শাসনের বিরুদ্ধে অসহযোগ আন্দোলনে। লাহোর ষড়যন্ত্র মামলায় ১৯২৯ সালের ১৪ ই জুন গ্রেফতার করা হয় যতীন দাসকে। জেল বন্দীদের সঙ্গে দুর্ব্যবহার, অন্যায় আচরণের প্রতিবাদে ও জেলবন্দীদের অধিকারের দাবিতে যতীন দাস লাহোর জেলে অনশন আন্দোলন শুরু করেন। দীর্ঘ ৬৩ দিন অনশনের পর ২৪ বছর বয়সে লাহোর জেলে মৃত্যুবরণ করেন তিনি। দিনটি উপলক্ষে কলকাতা পুরসভার উদ্যোগে কেওড়াতলা মহাশ্মশানে আয়োজিত অনুষ্ঠানে যতীন দাস এর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করবেন পুর প্রতিনিধি সহ বিশিষ্ট জনেরা। শহীদ যতীন দাস স্মৃতি সমিতি, যতীন দাস পার্ক ও যতীন দাস পার্ক মেট্রো স্টেশনে শ্রদ্ধা জ্ঞাপন অনুষ্ঠানের আয়োজন করেছে।

ooooooooooooooooooo

ooooooooooooooooooo